বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড

Benefits of Constructive Feedback
বা গঠনমূলক ফিডব্যাকের উপকারিতা

ক্যান্ডিডেটরা সাধারনত অ্যাসেমেন্টের ফলাফল কি হবে, তা নিয়ে বেশ উদ্বিগ্ন থাকে, বিশেষ করে যদি তারা সকল আউটকাম সফলভাবে অর্জন করতে ব্যার্থ হয়। কাজেই ফিডব্যাক রিপোর্ট যেন ক্যান্ডিডেটের জন্য পুঙ্খানুপুঙ্খ হয়, আর অবশ্যই সে যেন এই ফিডব্যাককে একটি পজেটিভ অভিজ্ঞতা হিসাবে গ্রহন করে।

গঠনমূলক ফিডব্যাক প্রদান করা, ক্যান্ডিডেট ও অ্যাসেসর উভয়ের জন্যই উপকারী। যেমন-

- ফিডব্যাক ক্যান্ডিডেটের জন্য গুরুত্বপূর্ণ, কারন এর মাধ্যমে সে বুঝতে পারে কম্পিটেন্সি অর্জনে তার অবস্থান কোথায়, তার দুর্বল জায়গাগুলি কি কি, আর সকল দুর্বলতাকে করে পূর্ণ কম্পিটেন্সি অর্জনে তার করণীয় কি কি।
- গঠনমূলক ফিডব্যাক প্রদান অ্যাসেসরের জন্য গুরুত্বপূর্ণ, কারন এর মাধ্যমে ক্যান্ডিডেটের ফলাফল প্রকাশের ক্ষেত্রে অ্যাসেসরের পারফর্মেন্স মুল্যায়িত হয়।
- ফিডব্যাকের মাধ্যমে অ্যাসেসমেন্ট প্রক্রিয়া ও ডকুমেন্টগুলি মুল্যায়ন করার সুযোগ হয়।
- অ্যাসেসমেন্টে যে ফলাফল নির্ধারন করা হয়, সেটি ব্যাখ্যা করার সুযোগ তৈরী হয় ফিডব্যাকের মাধ্যমে।
- ক্যান্ডিডেটের সবল ও দুর্বল দিকগুলি চিহ্নিত করার সুযোগ হয়।
- ক্যান্ডিডেটকে পরবর্তী প্রশিক্ষণ ও দক্ষতা বৃদ্ধির পরামর্শ দেয়ার সুযোগ হয়।
- যে ক্যান্ডিডেট কাঙ্খিত কম্পিটেন্সি অর্জন করতে পারলো না, তাকে উৎসাহ প্রদান করার সুযোগ সৃস্টি হয় ফিডব্যাক প্রদানের মাধ্যমে।